স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

সহায়ক পাঠক্রম

(সাবসিডিয়ারি - ৩)

বাংলা (তৃতীয় পত্র)

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) কপালকুণ্ডলা একটি উপন্যাস না রোমান্স — আপনার উত্তরের সমর্থনে যুক্তি দিন।

(খ) 'সুন্দরম' গল্পে সমাজ-মন ও ব্যক্তিমন দুয়েরই প্রতিক্রিয়া কীভাবে দেখানো হয়েছে আলোচনা করুন।

(গ) 'হুতোম প্যাঁচার নকশা'র 'চড়ক' নিবন্ধে উন্মোচিত লেখকের সমাজমনস্কতার পরিচয় দিন।

(ঘ) 'নবান্ন' নাটকের শেষ দৃশ্যের তাৎপর্য আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'স্ত্রীর পত্র' গল্পে মৃণাল তার চিঠির শেষে বলেছেন ''আমিও বাঁচব। আমি বাঁচলুম।'' — এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করুন।

(খ) 'পুঁইমাচা' গল্পটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ আলোচনা করুন।

(গ) কাব্য ও নাটকের মধ্যে বঙ্কিমচন্দ্র তাঁর 'গীতিকাব্য' প্রবন্ধে যে পার্থক্যের কথা বলেছেন তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(ঘ) 'শূদ্র জাগরণ' প্রবন্ধটিতে বিবেকানন্দের শিক্ষাচিন্তার বিশেষত্ব সম্পর্কে আলোচনা করুন।

(ঙ) সৈয়দ মুজতবা আলীর 'বই পড়া' প্রবন্ধটি রম্যরচনা হিসেবে কতদূর সার্থকতা লাভ করেছে আলোচনা করুন।

(চ) 'নবান্ন' নাটকের কুঞ্জ চরিত্রটি সম্পর্কে আলোকপাত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'তারিণীমাঝি' গল্পে আসন্ন বন্যার সংকেত কীভাবে পাওয়া গিয়েছিল ?

(খ) মেটে আলু তুলে আনার ঘটনাটি কোন্ লেখকের কোন্ গল্পের মধ্যে আছে ? এই প্রসঙ্গে কাদের মধ্যে কী কথাবার্তা হয়েছিল ?

(গ) ''মেজোবউ গরিবের ঘরের মেয়েটির মাথা খেতে বসলেন।'' কার উক্তি ? এর অন্তর্নিহিত তাৎপর্য কী ?

(ঘ) সংক্ষেপে উত্তর দিন :

অ) কপালকুণ্ডলার আর একটি নাম কি ? ১

আ) নবকুমারের প্রথমা স্ত্রীর নাম কি ? ১

ই) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় কে ছিলেন ? ১

ঈ) 'মৃন্ময়ি-মৃন্ময়ি-মৃন্ময়ি' — এই উক্তি কে, কখন করেছিলেন ? ৩

(ঙ) কৈলাশ ডাক্তার কে ? তিনি কিসের পাকা জহুরী ?

(চ) বস্তুর 'আকর্ষণ' ও 'চাপের' যে নিয়মগুলির কথা রামেন্দ্রসুন্দর ত্রিবেদী বলেছেন তা উল্লেখ করুন।

(ছ) 'নবান্ন' কয় অঙ্কের নাটক ? প্রতিটি অঙ্কে দৃশ্য সংখ্যা কটি ? কোন্ পত্রিকায় এই নাটক কত সালে প্রকাশিত হয়েছিল ?

(জ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে দৈব ঘটনার বা অতিপ্রাকৃত ঘটনার উল্লেখ আছে কতবার ? যে কোন একটি ঘটনা খণ্ড ও পরিচ্ছেদ উল্লেখ করে সংক্ষেপে লিখুন।